يجب الغسل من الجماع وإن لم يحصل إنزال

সহবাসের সময় মনি (বীর্য) নির্গত না হলেও গোসল ওয়াজিব

{প্রশ্ন}
সহবাসের পর যদি মনি নির্গত না হয়, তবে কি গোসল করা ওয়াযিব? না-কি মনি নির্গত ব্যতীত গোসল ওয়াযিব হয় না ?

{উত্তর}
আল-হামদুলিল্লাহ
এ ব্যাপারে সকল আলেম একমত যে, সহবাসের ফলে গোসল ওয়াযিব হয়।
আল-মাওসুআতুল ফিকহিয়াহ : (৩১/১৯৮)

স্বামী তার স্ত্রীর সাথে সহবাস করলে, মনি নির্গত না হলেও গোসল ওয়াযিব হয়। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে এ সিদ্ধান্ত আবূ হুরায়রা রাদিআল্লাহু আনহুর হাদিসে স্পষ্টভাবে বর্ণিত হয়েছে। তিনি বলেন :

قَالَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ : (لَوْ أَنَّ أَحَدَهُمْ إِذَا أَرَادَ أَنْ يَأْتِيَ أَهْلَهُ قَالَ بِاسْمِ اللهِ اللَّهُمَّ جَنِّبْنَا الشَّيْطَانَ وَجَنِّبْ الشَّيْطَانَ مَا رَزَقْتَنَا ، فَإِنَّهُ إِنْ يُقَدَّرْ بَيْنَهُمَا وَلَدٌ فِي ذَلِكَ لَمْ يَضُرَّهُ شَيْطَانٌ أَبَدًا).

"যদি পুরুষ তার চার শাখার (হাত-পার) উপর বসে যায়, অতঃপর তাতে সে মিহনত করে, তবেই তার উপর গোসল ওয়াযিব হল।" বুখারি : (২৯১), মুসলিমের বর্ণনা অতিরিক্ত রয়েছে, (وَإِنْ لَمْ يُنْزِلْ) "যদিও মনি নির্গত না হয়।" মুসলিম : (৫২৫)

ইমাম নববি রহ. মুসলিমের ব্যাখ্যা গ্রন্থে বলেন :

"হাদিসের অর্থ : মনি নির্গত হওয়া বা না হওয়ার উপর গোসল ওয়াযিব মওকুফ নয়। বরং যখনই পুরুষের সুপারি নারীর যৌনাঙ্গে প্রবেশ করে, তখনই নারী-পুরুষ উভয়ের উপর গোসল ওয়াযিব হয়। বর্তমান যুগে এতে কোন মতবিরোধ নেই, তবে এক সময় কতক সাহাবা ও তাদের অনুসারীদের মধ্যে ইখতিলাফ ছিল, অতঃপর আমাদের উল্লেখিত সিদ্ধান্তের উপর তাদের মাঝেও মতৈক্য সৃষ্টি হয়।"
শায়খ ইবেন উসাইমিন রাহমাতুল্লাহি আলাইহি বলেছেন :

"গোসল ওয়াযিব হওয়ার ব্যাপারে এ দলিল স্পষ্ট, যদিও মনি নির্গত না হয়। এ বিষয়টি অনেকের কাছে অস্পষ্ট, তুমি অনেক স্বামী-স্ত্রীকে দেখবে, তাদের থেকে সহবাস কর্ম সম্পাদন হওয়ার পরও তারা গোসল করে না। বিশেষ করে, যদি তারা ছোট হয় এবং এর শিক্ষা না পেয়ে থাকে। তাদের এ ভ্রান্তি এ ধারণা থেকে সৃষ্ট যে, মনি নির্গত ব্যতীত গোসল ওয়াযিব হয় না, অথচ এটা ভুল।" আশ-শারহুল মুমতি : (১/২২৩)

ফতোয়া লাজনায়ে দায়েমাতে রয়েছে :"মুসলিমের উপর যেসব কারণে গোসল ওয়াযিব হয় : ঘুমন্ত অবস্থায় মনি বের হওয়া। স্বামীর সুপারি স্ত্রীর যৌনাঙ্গে প্রবেশ করা, যদিও তাতে মনি নির্গত না হয়। সহবাস ব্যতীত জাগ্রত অবস্থায় উত্তেজনাসহ মনি নির্গত হওয়া। এবং নারীর হায়েস ও নিফাস, যখন তাদের রক্ত বন্ধ হয়ে যাবে, তখন তাদের উপর গোসল হবে।" ফতোয়া লাজনায়ে দায়েমা : (৫/৩১৪)

{সূত্র}
ইসলাম কিউ এ